

বন্দর নগরী চট্টগ্রামে ভর্তি যুদ্ধ অভিভাবকরা উদ্ভিন্ন

মদহুল কবীর ॥ বন্দর নগরী চট্টগ্রামের শিশু-কিশোররা এখন ভর্তিযুদ্ধে অবতীর্ণ হওয়ার জন্য জোর প্রত্নতি চালাচ্ছে। নগরীর নামীদামি স্কুলে ভর্তি হওয়ার লক্ষ্যে শিশুদের পাশাপাশি তাদের অভিভাবকরাও চেষ্টা-তদবির চালিয়ে যাচ্ছেন। ইশ্বাহানী পাবলিক, বাংলাদেশ মহিলা সমিতি (বাওমা), সেন্টমেরিজসহ বিভিন্ন স্কুলের পাশাপাশি ৯টি সরকারী স্কুলে চলছে তীব্র ভর্তি যুদ্ধ। ইশ্বাহানী পাবলিক স্কুল এন্ড কলেজসহ নগরীর বেশকিছু নামীদামি স্কুলে ইতোমধ্যে ভর্তি পরীক্ষা সম্পন্ন হয়েছে। এসব স্কুলে সীমিতসংখ্যক আসনে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য শিশুদের তীব্র মেধা লড়াইয়ে অবতীর্ণ হতে হয়েছে। এদিকে নগরীর ৯টি সরকারী উচ্চ বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণীতে ভর্তিযুদ্ধ শুরু হয়েছে ১১ জানুয়ারী থেকে। পূর্বঘোষিত সময়সূচী অনুযায়ী আগামী ১১ জানুয়ারী চতুর্থ, ১২ পঞ্চম শ্রেণীতে, ১২ জানুয়ারী ৬ষ্ঠ শ্রেণীতে এবং নবম শ্রেণীতে ১৩ জানুয়ারী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ ও নবম শ্রেণীতে এসব সরকারী বিদ্যালয়ে ৫শ' আসনের বিপরীতে প্রায় ১৫ হাজার শিক্ষার্থী অংশ নেবে বলে সংশ্লিষ্ট শিক্ষকরা দাবী করাচ্ছেন। এসব স্কুলে এক সাপে একই দিনে পরীক্ষা অনুষ্ঠিত হবে। ফলে একজন ছাত্র একটির বেশী স্কুলে ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারবে না।

চট্টগ্রাম মহানগরীর ৯টি সরকারী স্কুলের মধ্যে রয়েছে চট্টগ্রাম কলেজিয়েট হাই স্কুল, সরকারী মুসলিম উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম সরকারী উচ্চ বিদ্যালয়, হাজী মুহাম্মদ মুহসিন সরকারী উচ্চ বিদ্যালয়, নাসিরাবাদ বালিকা বিদ্যালয়, নাসিরাবাদ বালক উচ্চ বিদ্যালয়, ডাঃ খাজেগীর উচ্চ বালিকা বিদ্যালয়, আম্রাবাদ সরকারী কলোণী বালিকা বিদ্যালয় এবং বাকলিয়া সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়। নগরীর সরকারী উচ্চ বিদ্যালয়সমূহে ভর্তি পরীক্ষার ফরম বিক্রি শুরু হয়েছে গত ২১ ডিসেম্বর থেকে। ফরম বিক্রির শেষ তারিখ ৭ জানুয়ারী। ৮ জানুয়ারী ফরম অর্থাৎ দেয়ার শেষ দিন। ভর্তিযুদ্ধ ছাত্র-ছাত্রী এবং তাদের অভিভাবকরা প্রথম দিন থেকে লাইন ধরে ভর্তি ফরম কিনছে। দিন দিন স্কুলগুলোতে ভিড় বাড়ছে। সরকারী নিয়ম অনুযায়ী প্রতিটি শ্রেণীতে ১২০ জন করে শিক্ষার্থীর ভর্তির সুযোগ রয়েছে। কিন্তু সরকারী মুসলিম হাই স্কুলসহ বেশকিছু স্কুলে নবম শ্রেণীতে ছাত্র ভর্তি করা হলে সেখানে প্রতিটি বিদ্যালয়ে ১০/১৫ জনের বেশী ভর্তির সুযোগ পাবে না বলে সংশ্লিষ্টরা জানান। কারণ সে সব স্কুলের অষ্টম শ্রেণী থেকে পাস করে অনেক ছাত্রই ভর্তি পরীক্ষা ছাড়াই নবম শ্রেণীতে পড়ার সুযোগ পাবে। এফতের যেসব আসন খালি থাকবে তদুন্নাত সেসব শূন্য আসনেই ভর্তি করা হবে। নগরীর সব সরকারী স্কুলেই চতুর্থ, পঞ্চম

ষষ্ঠ ও নবম শ্রেণীতে ছাত্র ভর্তি করা হবে না। বরং বিভিন্ন স্কুলে বিভিন্ন শ্রেণীতে ভর্তি পরীক্ষার মাধ্যমে ছাত্র ভর্তি করা হবে। ডাঃ খাজেগীর স্কুলে তদুন্নাত চতুর্থ শ্রেণীতে ছাত্রী ভর্তি করা হবে। চট্টগ্রাম সরকারী উচ্চ বিদ্যালয়ে পঞ্চম শ্রেণীতে, নাসিরাবাদ বালক উচ্চ বিদ্যালয়ে পঞ্চম শ্রেণীতে এবং ষষ্ঠ শ্রেণীতে, কলেজিয়েট হাই স্কুলে ষষ্ঠ ও নবম শ্রেণীতে, নাসিরাবাদ বালিকা উচ্চ বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণীতে ছাত্র ভর্তি করা হবে। চট্টগ্রামে যেসব সরকারী স্কুলে পাস করবে সরকারী স্কুলগুলোতে ভর্তি প্রতিশ্রুতি বৈধী হয়। অন্যান্য বারের তুলনায় এবারের ভর্তি পরীক্ষায় বেশী প্রতিযোগিতা হবে বলে সংশ্লিষ্ট স্কুলের শিক্ষকগণ ধারণা করছেন। সারা বছর ধরে ভর্তি প্রতিযোগিতার প্রত্নতির জন্য বিভিন্ন কোচিং সেন্টার শিক্ষকদের কাছে পড়াওনা শেষে শিক্ষার্থীরা এখন পরীক্ষার দিন ওনতে দিন যতই গনিয়ে আসিচ্ছে তাদের উত্তেজনা, উৎসাহ ততই বাড়ছে। সাপে সাপে বাড়ছে অভিভাবকদের উৎসাহ। সন্তানদের ভাল স্কুলে ভর্তি করানোর জন্য তাদের চেষ্টার অন্ত নেই। এসব স্কুলে ভর্তি করানোর জন্য কেউ কেউ বিভিন্ন মহল থেকে তদবির চালিয়ে থাকেন। যেসব অভিভাবকের তদবির করার কোন সুযোগ নেই তাদের উৎসাহ দিন দিন বাড়ছে।